আজকের কাগজ
তারিখ 16 AUG 1993
পৃষ্ঠা ৮ কলাম ২

# সন্ত্রাসী তৎপরতায় শিক্ষা ব্যবস্থা ধ্বংসের সম্মুখিন

—বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন

বাংলাদেশ বিশ্ববিদ্যলয় শিক্ষক সমিতি ফেডারেশন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে প্রথম বর্ষের স্নাতক সম্মান পরীক্ষা পেছানোর দাবিকে কেন্দ্র করে কতিপয় দুষ্কৃতকারী বিভাগে ভাংচুর এবং বিভাগীয় শিক্ষকদের লাঞ্ছিত করার ঘটনায় তীব্র নিন্দা করেছে এবং অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। গতকাল ফেডারেশনের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, "ফেডারেশন গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যে ঐতিহ্যগত মূল্যবোধ বিরাজমান ছিলো, তা ধ্বংসের প্রান্তে দাঁড়িয়েছে। বর্তমান বিশ্বে টিকে থাকা এবং এগিয়ে যাওয়ার জন্যে যেখানে পৃথিবীর সব জাতি শিক্ষা ব্যবস্থার নিরবচ্ছিন্ন উন্নয়নের জন্যে সম্ভব সকল সম্পদ নিয়োগ করেছেন সেখানে আমাদের শিক্ষা ব্যবস্থা সন্ত্রাসী তৎপরতায় প্রায় ধ্বংসের সম্মুখিন। এমন অবস্থা চলতে থাকলে জাতির ভবিষ্যৎ অন্ধকারে নিমজ্জিত হবে।" বিজ্ঞপ্তিতে শিক্ষা ব্যবস্থার ঐতিহ্যগত মূল্যবোধ রক্ষা করাসহ একে পুনর্জ্জীবিত করার লক্ষ্যে সরকারসহ সকলের দায়িত্বের প্রতি সচেতন হওয়ার জন্যে আহবান জানানো হয়। খবর বিজ্ঞপ্তির।